

ার্ট্রি সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮৬

(باب ما جاء في عمامة رسول الله الله عليه) अत. नवी (إليه) अत्र পागिष्

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ ، قَالَ : حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ . ح حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلانَ ، قَالَ : حَدَّثَنَا وَكِيعٌ ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ ، عَنْ أَبِي الزُّبَيْرِ ، عَنْ جَابِرٍ ، قَالَ : " دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , مَكَّةَ يَوْمَ الْفَتْحِ , وَعَلَيْهِ عِمَامَةٌ سَوْدَاءُ " .

বাংলা

সে সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবীগণের মাঝে পাগড়ি পরিধানের ব্যাপক প্রচলন ছিল। তবে তাঁরা কখনো কখনো শুধু টুপিও পরিধান করতেন। আর খুব কম সময়েই তারা খালি মাথায় থাকতেন। পাগড়ি ছিল তাঁদের সৌন্দর্য ও মর্যাদার পোশাকসমূহের অন্যতম। তাঁরা কেবল সালাতের জন্য পাগড়ি ব্যবহার করতেন না। বরং তাঁরা পোশাকের অংশ হিসেবে সবসময়ই পাগড়ি পরিধান করতেন এবং ঐ অবস্থাতেই সালাত আদায় করতেন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কালো পাগড়ি পরিধান করতেন:

৮৬. জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মক্কা বিজয়ের দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কালো পাগড়ি পরিহিত অবস্থায় মক্কায় প্রবেশ করেন।[1]

English

Jabir radiyallahu anhu reports that when Makkah was conquered, Rasoolullah sallallahu alaihe wasallam entered the city wearing a black turban.

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৩৩৭৫; আবু দাউদ, হা/৪০৭৮; সুনানে নাসাঈ, হা/৫৩৪৪; ইবনে মাজাহ, হা/২৮২২;



মুসনাদে আহমাদ, হা/১৪৯৪৭; ইবনে হিব্বান, হা/৫৪২৫।

ব্যাখ্যা

বিভিন্ন হাদীসের বর্ণনার আলোকে বুঝা যায় যে, রাসূলুল্লাহ (সাঃ) সমগ্র জীবনে যে রঙের পাগড়ি ব্যবহার করেছেন তা হলো : সাদা, সবুজ এবং কালো।

This hadith seems to contradict the previous ahaadith (mentioned in the previous chapter on the helmet of Sayyidina Rasoolullah sallallahu alaihe wasallam, wherein it is stated that Sayyidina Rasoolullah sallallahu alaihe wassallam wore a helmet and entered Makkah. In reality there is no difference. It is not impossible to wear a turban on a helmet. Both hadith can be summed up easily. Some Ulama say that when he entered Makkah he wore a helmet. As soon as he removed the helmet, he wore a turban. Therefore in that narration, the time of entry is mentioned since the time was appropriate. Some Ulama are of the opinion that because a metal head cover may have been troublesome, he may have worn a turban beneath it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন